বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
প্লট#ই-৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-
বাংলা নগর, ঢাকা-১২০৭
সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগ
www.btrc.gov.bd

তারিখ: ২ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
১৭ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ১৪.৩২.০০০০.৬০০.৫৩.০০৩.২১.৩০৮৩

**বিষয়: অব্যবহৃত সিমের পুনরায় বিক্রয়ের (Recycle) মেয়াদ প্রসঙ্গে।**
সূত্র: কমিশনের স্মারক নম্বরঃ ১৪.৩২.০০০০.০০৬.০৬.০০০.১৫-৪৯৮; তারিখঃ ১০/১১/২০১৫।

উপর্যুক্ত বিষয়ের ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত শর্তসমূহ প্রতিপালন সাপেক্ষে "অব্যবহৃত সিমের পুনরায় বিক্রয়ের (Recycle) মেয়াদ" সংক্রান্ত নির্দেশনা প্রদান করা হলোঃ

(ক) মোবাইল নম্বরের স্বল্পতা নিরসনকল্পে অব্যবহৃত সিমের পুনরায় বিক্রয়ের (Recycle) সময়কাল মোট ১২ মাস (সিম নিষ্ক্রিয়ের সময় ১১ মাস ও নোটিশ সময়কাল ৩০ দিন) নির্ধারণ করা হলো।

(খ) মোবাইল অপারেটর নিম্নলিখিত শর্ত প্রতিপালন সাপেক্ষে গ্রাহকের নিষ্ক্রিয় সিমের রেজিস্ট্রেশন ২ এবং ৩ বছর মেয়াদে বৃদ্ধি করতে পারবেঃ

১। উপরোক্ত মেয়াদে সিম রি-সাইকেল এর নির্ধারিত সময় অর্থাৎ ১২ মাস পর হতে সিমের রেজিস্ট্রেশনের মেয়াদ গণনা করতে হবে।

২। কোন গ্রাহক কর্তৃক চার্জ প্রদানের মাধ্যমে সিমের রেজিস্ট্রেশনের মেয়াদ বৃদ্ধি করলে এবং এ সময়কালের মধ্যে যে কোন পরিমাণ টাকা রিচার্জ করলে,

(অ) ফি/চার্জ পরিশোধের মাধ্যমে সিমের নিষ্ক্রিয় থাকার বর্ধিত মেয়াদ

(আ) রিচার্জের ন্যূনতম মেয়াদ + সিম নিষ্ক্রিয়ের সময় ১১ মাস + নোটিশ সময়কাল ৩০ দিন

এই দুটির মধ্যে যেটির মেয়াদ বেশী সে মেয়াদ পর্যন্ত গ্রাহকের উক্ত সিম রি-সাইকেল করা যাবে না।

৩। কোন গ্রাহক কর্তৃক ফি/চার্জ প্রদানের মাধ্যমে সিমের রেজিস্ট্রেশনের মেয়াদ বৃদ্ধি করলে এবং এ সময়কালের মধ্যে কোন রিচার্জ ব্যালেন্সের মেয়াদ না থাকলে, সিমের রেজিস্ট্রেশনের বর্ধিত মেয়াদ শেষ হওয়ার পরে ৩০ দিনের নোটিশ প্রদান করে উক্ত সিম রি-সাইকেল করা যাবে।

৪। কোন গ্রাহক কর্তৃক আনলিমিটেড প্যাকেজ ক্রয় করলে উক্ত প্যাকেজের মেয়াদ শেষ হওয়ার পর নতুন সিম রি-সাইকেল প্রক্রিয়ার নিয়ম অনুযায়ী সিম রি-সাইকেল করতে হবে।

৫। কোন গ্রাহক কর্তৃক চার্জ প্রদানের মাধ্যমে সিমের রেজিস্ট্রেশনের মেয়াদ বৃদ্ধি করলে তার সাথে কোন ডাটা, টকটাইম ও এসএমএস বোনাস আকারে প্রদান করা যাবে না এবং প্রচলিত আইন অনুযায়ী অপারেটর কর্তৃক ভ্যাট, ট্যাক্স প্রদান করতে হবে।

৬। নিষ্ক্রিয় সিমের রেজিস্ট্রেশনের মেয়াদের বিষয়ে গ্রাহক সচেতনতা বৃদ্ধির জন্য প্রতিটি অপারেটর এসএমএস, লিফলেট, অ্যাপস এবং বিভিন্ন OTT প্ল্যাটফর্ম (ফেসবুক, অনলাইন অ্যাপস) ইত্যাদির মাধ্যমে গ্রাহকদের সচেতন করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

(গ) কমিশন প্রয়োজনে যে কোনো সময়ে (ক) ও (খ) এর যে কোনো শর্ত পরিবর্তন/ সংযোজন/ বিয়োজন করতে পারবে।

১৭-১১-২০২৪
লেঃ কর্ণেল এস এম রেজাউর রহমান. পিএসসি.
সিগন্যাল্
পরিচালক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স হোল্ডিং # ৩/এ, ৫/এ, ৭/এ, রোড # ১৭, গুলশান-১, ঢাকা-১২১২।

২। প্রধান নির্বাহী কর্মকর্তা, গ্রামীণফোন লিমিটেড, জিপি হাউস, বসুন্ধরা, বারিধারা, ঢাকা-১২২৯।

৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, রবি কর্পোরেট অফিস (লেভেল-১৭ পূর্ব) দি ফোরাম, ১৮৭/১৮৮ বি, বীর উত্তম মীর সাখাওয়াত

সড়ক তেজগাঁও,ঢাকা-১২০৮।

৪। চীফ এক্সিকিউটিভ অফিসার, বাংলালিংক ডিজিটাল কমিউনিকেশনস্ লিঃ, টাইগারস ডেন, বাড়ি নং- ৪ (এস ডব্লিউ এইচ) বীর উত্তম মীর শওকত সড়ক গুলশান-১, ঢাকা-১২১২।

**স্মারক নম্বর:** ১৪.৩২.০০০০.৬০০.৫৩.০০৩.২১.৩০৮৩/১ (৬)

তারিখ: ২ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
১৭ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, স্পেকট্রাম বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।

২। মহাপরিচালক, ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশন্স বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।

৩। মহাপরিচালক, লিগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।

৪। পরিচালক, অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।

৫। পরিচালক, এনফোর্সমেন্ট এন্ড ইন্সপেকশন , বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।

৬। চেয়ারম্যান এর একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য)।



১৭-১১-২০২৪
লেঃ কর্ণেল এস এম রেজাউর রহমান. পিএসসি.
সিগন্যাল্
পরিচালক